যুগান্তর
প্রিন্ট: ২৫ আগস্ট ২০২৫, ০৯:৪৭ এএম

শিক্ষাঙ্গন

# ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির ভর্তি পরীক্ষার ফল কবে, জানালেন প্রশাসক

যুগান্তর ডেস্ক
প্রকাশ: ২৩ আগস্ট ২০২৫, ০৬:৩৩ পিএম

X




ফাইল ছবি

ব্যবসায় ইউনিটের পরীক্ষার মধ্য দিয়ে শেষ হয়েছে প্রথমবারের মতো আয়োজিত ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির (প্রস্তাবিত) ভর্তি পরীক্ষা। ফলাফল আগামী তিনদিনের মধ্যে অনলাইনে প্রকাশ করা হবে বলে জানিয়েছে প্রশাসক।

শনিবার (২৩ আগস্ট) বিকাল ৩টা থেকে ৪টা পর্যন্ত এক ঘণ্টাব্যাপী অনুষ্ঠিত হয় এই পরীক্ষা।

ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির প্রশাসক ও ঢাকা কলেজের অধ্যক্ষ অধ্যাপক একেএম ইলিয়াস বলেন, ‘প্রথমবারের মতো অনুষ্ঠিত এই ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। আগামী তিন দিনের মধ্যেই শিক্ষার্থীরা অনলাইনে ফল দেখতে পাবে।’

ভর্তি পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের দায়িত্বে রয়েছে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) টেকনিক্যাল টিম। ফলাফল প্রকাশের পর অনলাইনের মাধ্যমে শিক্ষার্থীরা তা জানতে পারবেন।

ভর্তি পরীক্ষার সার্বিক বিষয়ে ইউজিসি চেয়ারম্যান ফয়েজ উদ্দিন বলেন, ‘প্রস্তাবিত সেন্ট্রাল ইউনিভার্সিটির ভর্তি পরীক্ষা খুব সুন্দর ও শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। আমরা আশা করছি, এ বিশ্ববিদ্যালয় ভবিষ্যতে একটি মডেল প্রতিষ্ঠান হিসেবে গড়ে উঠবে। শিগগিরই এর অধ্যাদেশ ঘোষণার কাজ শেষ হবে।’

উল্লেখ্য, ঢাকা কলেজ, ইডেন কলেজ, তিতুমীর কলেজ, বাঙলা কলেজ, বেগম বদরুন্নেসা কলেজ, কবি নজরুল কলেজ ও শহীদ সোহরাওয়ার্দী কলেজে এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।